দৈনিক ইনকিলাব

তারিখ ... 10 DEC 1998
পৃষ্ঠা ...

## কারণ ছাড়াই ছুটি বাতিল

# রমজান মাসে সকল সরকারী ও বেসরকারী স্কুল কলেজ মাদ্রাসা খোলা রাখার নির্দেশ

**যশোর অফিস ঃ** মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের খুলনা অঞ্চলের উপ-পরিচালক মোঃ নূরুল ইসলাম স্বাক্ষরিত এক সার্কুলারে রমজান মাসের ছুটি বাতিল করে সরকারী-বেসরকারী কলেজ, স্কুল ও মাদ্রাসা চালু রাখার নির্দেশ দিয়েছেন। কোন কারণ উল্লেখ ছাড়াই তিনি অধিদফতরের মহাপরিচালকের টেলিফোন নির্দেশের বরাত দিয়ে খুলনা অঞ্চলের সকল শিক্ষা প্রতিষ্ঠানে চিঠি পাঠিয়েছেন যে, আগামী রমজান মাসে (ডিসেম্বর '৯৮ ও জানুয়ারী '৯৯) কোন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখা যাবে না এবং শ্রেণী কক্ষে পাঠদান যথারীতি চালু রাখতে হবে। ঐ নির্দেশের ফলে শিক্ষক, অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের মধ্যে দারুণ ক্ষোভের সৃষ্টি হয়েছে। সবারই প্রশ্ন পবিত্র রমজানের ছুটি বাতিল করা হলো কেন?

গতকাল (বুধবার) যশোর জেলা জমিয়াতুল মোদারেছীনের নির্বাহী কমিটির সভায় রমজান মাসের ছুটি বাতিলের নির্দেশের বিষয়টি আলোচিত হয়। জেলা সভাপতি মাওলানা নূরুল ইসলাম স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, অযৌক্তিক নির্দেশটি অবিলম্বে প্রত্যাহার করা হোক।